

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৮০৩

২. ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ১. ইসতিহাযা (রক্তপ্রদরের রোগিণী)

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدِ ، قَالَ : سَمِعْتُ أَبَا دَاؤُدَ السِّجِسْتَانِيَّ ، يَقُولُ : وَمِمَّا يَدُلُّ عَلَى ضَعْفِ حَدِيثِ الْأَعْمَشِ هَذَا : أَنَّ حَفْصَ بْنَ غِيَاثٍ وَقَفَهُ عَنِ الْأَعْمَشِ ، وَأَنْكَرَ أَنْ يَكُونَ مَرْفُوعًا ، وَوَقَفَهُ أَيْضًا أَسْبَاطُ بْنُ مُحَمَّد ، عَنِ الْأَعْمَشِ ، عَنْ عَائِشَةَ ، وَرَوَاهُ ابْنُ دَاوُدَ ، عَنِ الْأَعْمَشِ ، عَنْ عَائِشَةَ ، وَرَوَاهُ ابْنُ دَاوُدَ ، عَنِ الْأَعْمَشِ مَرْفُوعًا أَوَّلُهُ ، وَأَنْكَرَ أَنْ يَكُونَ فِيهِ الْوُضُوءُ عِنْدَ كُلِّ صَلَاةٍ . وَدَلَّ عَلَى عَنْ عُرْوَةَ أَيْضًا : أَنَّ الزُّهْرِيَّ رَوَاهُ عَنْ عُرْوَةَ ، عَنْ عَائِشَةَ ، وَقَالَ فِيهِ : " فَكَانَتْ تَغْتَسِلُ لِكُلِّ صَلَاةٍ " . هَذَا كُلُّهُ قَوْلُ أَبِي دَاوُدَ

## বাংলা

৮০৩(৪১). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) বলেন, আমি আবু দাউদ আস-সিজিসতানী (রহঃ)-কে বলতে শুনেছি, আল-আমাশ (রহঃ)-এর বর্ণিত হাদীস দুর্বল হওয়ার প্রমাণ এই যে, হাফস ইবনে গিয়াছ (রহঃ) আল-আ'মাশ (রহঃ) থেকে এই হাদীস মাওকুফরূপে বর্ণনা করেছেন এবং মারফু হওয়াকে প্রত্যাখ্যান করেছেন। এই হাদীস আসবাত ইবনে মুহাম্মাদ (রহঃ)-ও আল-আ'মাশ (রহঃ)-আয়েশা (রাঃ) সূত্রে মাওকুফরূপে বর্ণনা করেছেন। ইবনে দাউদ (রহঃ) আল-আ'মাশ (রহঃ) সূত্রে এই হাদীসের প্রথমাংশ মারফুরূপে বর্ণনা করেছেন এবং এই হাদীসের প্রতি ওয়াক্ত নামাযের সময় উয়ু করার বর্ণনা প্রত্যাখ্যান করেছেন। উরওয়া (রহঃ)-এর সূত্রে হাবীব (রহঃ) কর্তৃক বর্ণিত হাদীসও দুর্বল হওয়ার প্রমাণ এই যে, আয-যুহরী (রহঃ) এই হাদীস উরওয়া (রহঃ)-আয়েশা (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন এবং তাতে আছে যে, প্রতি ওয়াক্ত নামাযের জন্য গোসল করবে। এই সম্পূর্ণটাই ইমাম আবু দাউদের উক্তি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন